

# মুগ্ধিত্ব

## লুঙ্গি পরার জেরে ইবিতে সিনিয়র-জুনিয়র মারামারি, আহত ১২

ইবি প্রতিনিধি

০২ সেপ্টেম্বর ২০২২, ২২:৪৪:৫০ | [অনলাইন সংক্ষরণ](#)



ছবি-যুগান্তর

লুঙ্গি পরে ক্যাম্পাসে বের হওয়ার জেরে ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) সিনিয়র-জুনিয়রদের মধ্যে মারামারির ঘটনা ঘটেছে। এতে অন্তত ১২ ছাত্র আহত হয়েছেন।

শুক্রবার জুমার নামাজ শেষে মসজিদ পার্শ্ববর্তী অনুষদ ভবনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ২৭ আগস্ট রাতে ল' অ্যান্ড ল্যান্ড ম্যানেজমেন্ট বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী হুজ্জাতুল্লাহ লুঙ্গি পরে ক্যাম্পাসে ঘুরতে বের হন। এ সময় ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী জগুরুল ইসলাম রিংকু তাকে ডেকে লুঙ্গি পরে বাইরে আসার কারণ জিজ্ঞাসা করায় উভয়ের মধ্যে বাগবিতঙ্গ হয়।

একপর্যায়ে রিংকু হুজ্জাতুল্লাহকে থান্ডড় দেন। এ ঘটনার জেরে ৩১ আগস্ট মধ্যরাতে হলে প্রবেশের সময় রিংকুকে হুজ্জাতুল্লাহ ও তার বন্ধু আরবি ভাষা ও সাহিত্য বিভাগের আল-

এ ঘটনার দুদিন পর শুক্রবার দুপুরে নামাজ শেষে ফেরার পথে দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আল আমিন ও তার বন্ধুরা চতুর্থ বর্ষের কয়েকজন শিক্ষার্থীদের হাতে মারধরের শিকার হন।

আল আমিন বলেন, নামাজ শেষে আসার পথে অনুষদ ভবনের সামনে এলে ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের রিংকু, হামজা, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের আশিক, লোকপ্রশাসন বিভাগের জামিলসহ তার বন্ধুরা আমার ওপর অতর্কিত হামলা করেন। আমাকেসহ আমার বন্ধুদের মারধর করেন তারা। হামলাকারীরা সবাই ছাত্রলীগ নেতা শাহজালাল সোহাগের অনুসারী।

এরপর জিয়াউর রহমান হলের ডাইনিংয়ে চতুর্থ বর্ষের শিক্ষার্থী আশিককে দ্বিতীয় বর্ষের আল-আমিন ও তার বন্ধুরা মারধর করেন।

এ সময় হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগের শুভ ভৌমিক, অর্ক ও আইন বিভাগের শিক্ষার্থী সুমন তাকে লাঠি দিয়ে মারধর করেন বলে অভিযোগ আশিকের।

এ ঘটনা ছড়িয়ে পড়লে ফের প্রতিশোধপরায়ন হয়ে উঠেন চতুর্থ বর্ষের শিক্ষার্থীরা। তার বন্ধুরা বঙবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সামনে লাঠি, স্ট্যাম্প, রড নিয়ে অবস্থান নেন। বিষয়টি জানতে পেরে জিয়াউর রহমান হলে থাকা আল আমিনের বন্ধু ও সিনিয়ররাও রড ও লাঠি নিয়ে হলের মধ্যে মহড়া দিতে থাকেন। পরে সিনিয়র শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতাদের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি ফয়সাল সিদ্দিকী আরাফাত বলেন, পূর্বশক্তার জেরে এ ঘটনা ঘটেছে। বিশ্ববিদ্যালয়ে বিচারহীনতার সংস্কৃতি থেকে এ মারামারির ঘটনা বারবার ঘটেছে। নিরপেক্ষে তদন্তের মাধ্যমে ঘটনায় যে বা যারা, এমনকি ছাত্রলীগের কেউ জড়িত থাকলেও প্রশাসনের কাছে তার সঠিক বিচারের দাবি জানাচ্ছি।

প্রষ্ঠার অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন বলেন, আমাকে কেউ অভিযোগ করেনি। অভিযোগ করলে ব্যবস্থা নেব।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2022